গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-৬(কলেজ-১)

নং-শাঃ ৬/২এ-৫/২০০৭/১০৩৯-শিক্ষা, তারিখ ঃ ২২/০৭/১৪১৪ বঙ্গাব্দ
০৬/১১/২০০৮ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সকল পর্যায়ের কর্মকর্তাদের বদলী/পদায়ন নির্দেশিকা।

১। বদলী/ পদায়নের ক্ষেত্রে সংযুক্তিতে প্রদর্শিত কলেজ গ্রেডিং অনুসরণ করা হবে।

২। কলেজ ক্যাটাগরী ভিত্তিক বদলী/পদায়ন ঃ

২.০১ বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারে নবনিযুক্ত কর্মকর্তাদের 'ই' ক্যাটাগরিভূক্ত কলেজে ১ বছর, ডি ক্যাটাগরিভূক্ত কলেজে দেড় বছর, 'সি' ক্যাটাগরিভূক্ত কলেজে কমপক্ষে দুই বছর ও 'বি' ক্যাটাগরীভূক্ত কলেজে কমপক্ষে তিন বছর চাকুরী করতে হবে। নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে পদায়নের জন্য বিভিন্ন ক্যাটাগরীর কলেজে পর্যাপ্ত শূন্য পদ না থাকলে বিসিএস পরীক্ষার মেধাক্রম অনুযায়ী পরবর্তী ক্যাটাগরীর কলেজে পদায়ন করা হবে।

২.০২ 'ই' ক্যাটাগরীভূক্ত কলেজে কোন কর্মকর্তা স্বেচ্ছায় এক বছরের অধিক সময় চাকুরী করতে চাইলে তিনি উক্ত কলেজে চাকুরী করতে পারবেন। তবে তিন বছর পর তাকে বদলী করা হবে।

২.০৩ বদলী/ পদায়নকালে 'সি' ক্যাটাগরীর কলেজ থেকে পর্যায়ক্রমে 'বি' ও 'এ' ক্যাটাগরীর কলেজে বদলী/ পদায়নের বিষয়টি বিবেচনায় আনা হবে। সে ক্ষেত্রে শিক্ষা জীবনে বিভিন্ন পরীক্ষায় প্রাপ্ত ফলাফল ও বি.সি.এস. পরীক্ষার ফলাফল/ মেধাক্রম বিবেচনায় আনা হবে।

৩। নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের পদায়ন ঃ

৩.০১ নবনিযুক্ত কর্মকর্তাকে ঢাকা মহানগরীর কোন কলেজে নিয়োগ দেয়া হবে না। পদ খালি সাপেক্ষে তাঁকে তাঁর নিজ উপজেলা/জেলায় কিংবা পাশ্ববর্তী উপজেলা/জেলায় প্রথম নিয়োগ দেয়া হবে। বিবাহিত কর্মকর্তাদের ক্ষেত্রে তাঁর পিতা/স্বামীর নিজ জেলায় তাঁর পদায়নের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৩.০২ ০৫(পাঁচ) বছর ঢাকার বাইরে চাকুরী না করলে কোন কর্মকর্তাকে ঢাকায় বদলী করা হবে না। সরকারের প্রয়োজন ও যোগ্যতার ভিত্তিতে শুধুমাত্র এ ধরণের বদলীর বিষয়টি বিবেচনায় আসবে। কর্মকর্তার ব্যক্তিগত অসুবিধার বিষয়টিকে প্রাধান্য দেয়া হবে না।

৪। অনার্স ও মাস্টার্স কলেজে পদায়ন ঃ

৪.০১ শিক্ষা জীবনে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীধারীদের অনার্স ও মাস্টার্স কলেজসমূহে পদায়ন করা হবে।

৪.০২ যাদের ডিগ্রী পর্যায়ে অনার্স নেই তাদের অনার্স-মাস্টার্স কলেজে পদায়ন করা হবে না। তবে যার সংশিষ্ট বিষয়ে অনার্স নেই এবং ডিগ্রী বা মাস্টার্স শ্রেণীতে ১ম শ্রেণী আছে এবং সফল শিক্ষক হিসেবে সুনাম রয়েছে তাঁকে অনার্স ও মাস্টার্স কলেজে পদায়ন করা যাবে। তৃতীয় বিভাগ/ শ্রেণী প্রাপ্তদের এমফিল/পি.এইচ.ডি ডিগ্রী থাকলে তাঁদেরকে এএ, এ, বি ক্যাটাগরীভুক্ত কলেজে পদায়নের বিষয় বিবেচনা করা হবে।

৫। অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে বদলী/পদায়ন ঃ

৫.০১ সাধারণ কলেজের অধ্যক্ষ/উপাধ্যক্ষ বদলী/পদায়নের লক্ষ্যে জ্যেষ্ঠ ও যোগ্য কর্মকর্তাদের একটি ফিট লিস্ট প্রস্তুত রাখা হবে। প্রয়োজনীয় জ্যেষ্ঠতাসহ উচ্চতর ডিগ্রীধারী, প্রশিক্ষণপ্রাপ্ত এবং প্রশাসনিক কাজে অভিজ্ঞ, দক্ষ, ব্যক্তিত্ব ও নেতৃত্বের গুনাবলী সম্পন্ন সৎ অধ্যাপকদের অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে বদলী/পদায়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। উপাধ্যক্ষ পদে কর্মরত প্রশাসনিক কাজে অভিজ্ঞ কর্মকর্তাদের অধ্যক্ষ পদে পদায়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। তবে এ ক্ষেত্রে বিষয়ভিত্তিক সমতার বিষয়টিও বিবেচনায় রাখতে হবে। কোন বিষয়ে কতজনকে অধ্যক্ষ/উপাধ্যক্ষ করা হবে ন্যয় ভিত্তিক সংখ্যানুপাতে তার একটি তালিকা সংরক্ষন করতে হবে।

৬। অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান-এর প্রধান পদে বদলী/ পদায়ন ঃ

৬.০১ অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান-এর প্রধান পদে বদলী/পদায়নের ক্ষেত্রে সততা, শিক্ষা জীবনে অর্জিত ফলাফল প্রশাসনিক কাজে দক্ষতা, অপেক্ষাকৃত জ্যেষ্ঠ ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তাকে অগ্রাধিকার দেয়া হবে।

৭। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে বদলী/পদায়ন ঃ

৭.০১ শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত, দাপ্তরিক কাজে অভিজ্ঞ এবং চাকুরীর বিধিমালা সম্পর্কে জ্ঞান সম্পন্ন সৎ ও দক্ষ নেতৃত্বের গুনাবলী আছে এমন কর্মকর্তাদের মধ্য থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে বদলী/ পদায়ন করা হবে। তবে বুনিয়াদী প্রশিক্ষণে ভাল ফলাফলকারীদের এক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৮। জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)-এ বদলী/ পদায়ন ঃ

৮.০১ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)-এ পদায়নের ক্ষেত্রে বুনিয়াদী প্রশিক্ষণে ভাল ফলাফলের অধিকারী, শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা এবং গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন এমফিল/পিএইচডি ডিগ্রীধারী কর্মকর্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।

৯। উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে/ শিক্ষক প্রশিক্ষণ কলেজে বদলী/ পদায়ন ঃ

৯.০১ উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউটে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাদের প্রেষণে পদায়নের ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ কর্মকর্তাদের অগ্রাধিকার দেয়া হবে।

৯.০২ শিক্ষক প্রশিক্ষণ কলেজে বদলী/পদায়নের জন্য সংশিষ্ট কর্মকর্তার বিএড/এমএড ডিগ্রী থাকতে হবে। শিক্ষক প্রশিক্ষণ কলেজের জন্য নিয়োগ প্রাপ্ত কোন শিক্ষক সাধারণ কলেজে কর্মরত থাকলে তাঁদেরকে ফিরিয়ে এনে এ সকল কলেজের শূণ্য পদে বদলী/পদায়ন করা হবে। শিক্ষক প্রশিক্ষণ কলেজের পদোন্নতি যোগ্য কর্মকর্তা থাকলে পদোন্নতির সময় সাধারণ কলেজের শিক্ষককে সংশিষ্ট শিক্ষক প্রশিক্ষণ কলেজ থেকে প্রত্যাহার পূর্বক শিক্ষক প্রশিক্ষণ কলেজের শিক্ষকদের পদোন্নতি প্রদান করা হবে।

৯.০৩ শিক্ষা প্রশাসন ও প্রশাসনিক বিষয়ে অভিজ্ঞ এবং প্রশিক্ষণপ্রাপ্ত অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাকে উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে পরিচালক ও অতিরিক্ত পরিচালক এবং অন্যান্য বিষয়ভিত্তিক পদে বদলী ভিত্তিক পদায়ন করা যাবে।

১০। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/এনসিটিবি-তে বদলী পদায়ন ঃ

১০.১ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যান পদে শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের মধ্যে থেকে প্রয়োজনীয় জ্যেষ্ঠতাসহ প্রশাসনিক কাজে অভিজ্ঞ অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাকে পদায়ন করা হবে। শিক্ষা বোর্ডসমুহের অন্যান্য পদে বদলী/ পদায়নের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা সম্পন্ন সৎ কর্মকর্তাদের অগ্রাধিকার দেয়া হবে।

১০.২ শিক্ষা বোর্ডের ও এন.সি.টি.বি'র উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) পদে অর্থনীতি কিংবা বাণিজ্য অনুষদের ডিগ্রীধারী বাজেট প্রনয়ন, অডিট নিস্পত্তিসহ সংশিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন ক্যাডার কর্মকর্তাকে পদায়ন করা হবে।

১০.৩ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)-এর চেয়ারম্যান, সদস্য সচিব ও বিশেষজ্ঞ পদে শিক্ষাক্রম প্রণয়ন, পরিমার্জন ও বাস্তবায়নে উচ্চতর প্রশিক্ষণ, পাঠ্যপুস্তক প্রণয়ন, সম্পাদনা, প্রকাশনা, বিতরণ এবং শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনায় অভিজ্ঞ কর্মকর্তাদের পদায়ন করা হবে।

১১। ডিআইএ/অফিসে/প্রকল্পে বদলী/পদায়ন ঃ

১১.১ হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা ও অর্থনীতি বিষয়ে মাষ্টার্স ডিগ্রীধারী ক্যাডার কর্মকর্তা কিংবা অডিট/পরিদর্শন/ অফিস ব্যবস্থাপনার কাজে অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাদের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরে পদায়ন করা হবে।

১১.২ প্রকল্পে পদায়নের ক্ষেত্রে প্রশাসনিক পদে অভিজ্ঞতা সম্পন্ন সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের অগ্রাধিকার দেয়া হবে। প্রকল্পে বদলী/পদায়নের ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত গবেষণা কাজে অভিজ্ঞ ও দক্ষ ক্যাডার কর্মকর্তাদের অগ্রাধিকার দেয়া হবে।

১২। ১০% কোটায় সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের বদলী/পদায়ন ঃ

১২.১ ১০% কোটায় সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের স্ব-স্ব বিষয়ের পদে পদায়ন করা হবে। তবে ব্যতিক্রমধর্মী ক্ষেত্র বিবেচনায় বিশেষ বুৎপত্তি সম্পন্ন সৎ ও প্রশাসনিকভাবে যোগ্য ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তাকে প্রশাসনিক পদে বদলী/পদায়ন করা যেতে পারে।

১৩। সমতা আনয়নের জন্য পদায়ন ঃ

১৩.১ যে সব বিষয়ে উচ্চতর পদে পদোন্নতির সুযোগ অত্যন্ত সীমিত সেসব বিষয়ের জ্যেষ্ঠ সদস্যদের বিভিন্ন প্রতিষ্ঠানের প্রশাসনিক সমমানের পদে প্রেষণে বদলী/পদায়নের বিষয়ে বিবেচনা করে সমতা আনয়নের চেষ্টা করা যেতে পারে।

১৪। ঢাকা মহানগরীতে মোট চাকুরীর সময়সীমা ঃ

১৪.১ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের একজন কর্মকর্তা যুক্তিসংগত কারণ থাকলে ঢাকায় এক নাগাড়ে ০৪(চার) বছর এবং সমগ্র চাকুরী জীবনে অনধিক ১০(দশ) বছর চাকুরী করতে পারবেন।

১৪.২ বি,সি, এস(সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তা যিনি/যারা ঢাকা কিংবা চট্রগ্রাম মহানগরীর কোন বড় কলেজ/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অধ্যাপক সমমর্যাদার পদে কর্মরত তাঁকে/তাঁদের পদায়নের ০৬ মাসের মধ্যে অন্যত্র বদলী করতে হলে সেক্ষেত্রে মাননীয় শিক্ষা মন্ত্রী/উপদেষ্টা কিংবা শিক্ষা সচিবের বিশেষ অনুমতি নিয়ে বদলী/কার্যক্রম শুরু করা যেতে পারে।

১৫। সাধারণ নির্দেশনা ঃ

১৫.১ বদলী/পদায়নের ক্ষেত্রে সাধারণভাবে কর্মকর্তার শিক্ষা জীবনে অর্জিত ফলাফল, বুনিয়াদি প্রশিক্ষণের ফলাফল, সততা ও দক্ষতা বিবেচনায় আনা হবে।

১৫.২ শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর দেশের সকল সরকারি কলেজের শিক্ষকদের পরিচিতি নম্বরসহ হালনাগাদ পিডিএস এবং কলেজভিত্তিক বিষয় ও পদওয়ারী শূন্য পদের হালনাগাদ ডাটাবেইস সংরক্ষণ করবে।

১৫.৩ বদলী সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে যে পদ থেকে একজন কর্মকর্তাকে বদলী করা হবে তা সংশিষ্ট দপ্তর ও প্রতিষ্ঠানের সে পদসংক্রান্ত তথ্য, প্রতিষ্ঠানের মোট শিক্ষকের সংখ্যা এবং বদলীকালে নিয়োজিত শিক্ষকের সংখ্যা বিবেচনায় রাখতে হবে। শিক্ষকের স্বল্পতা থাকলে ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান ব্যাহত করে কেবলমাত্র সংশিষ্ট শিক্ষকের সুবিধার্থে তাঁকে অন্যত্র বদলী করা যাবে না। কোন কারণে এরূপ বদলী অত্যাবশ্যক হয়ে পড়লে স্থলাভিষিক্ত কর্মকর্তা পদায়ন সাপেক্ষে তাঁর বদলীর বিষয়ে বিবেচনা করা হবে।

১৫.৪ বদলী/ পদায়নে শৃংখলা বজায় রাখা, মান-নিয়ন্ত্রণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করনার্থে সাধারণভাবে ০৪ বছর পর পর বদলী/পদায়ন করার বিধান চালু রাখা হবে। এ ধরণের বদলী/পদায়ন যথাসাধ্য স্বাভাবিকভাবে বৎসরের শেষে জুন/ডিসেম্বর মাসে করা হবে।

১৫.৫ স্বামী-স্ত্রী উভয়ে চাকুরীজীবি হলে তাঁদের একই স্থানে বা কাছাকাছি কর্মস্থলে বা পার্শ্ববর্তী জেলায় পদায়নের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। তবে যেহেতু এ ধরণের কর্মকর্তার সংখ্যা অনেক, তাই এ বদলী/ পদায়ন-কে অধিকার হিসেবে দাবী করা যাবে না। এক্ষেত্রে শিক্ষকদের সুবিধা এবং সরকারের সেবা দানের বিষয় বিবেচনায় এনে সিদ্ধান্ত নেয়া হবে।

১৫.৬ অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং ঢাকা মহানগরীর কলেজসমূহের প্রভাষক ও সহকারী অধ্যাপক পদে পদায়ন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে থাকবে।

১৫.৭ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর সদর ও দপ্তরে/ শিক্ষাবোর্ড/ মাদ্রাসা বোর্ড/ এনসিটিবি/ ডিআইএ এবং মন্ত্রণালয়ের অধীনস্থ অন্যান্য সংযুক্ত দপ্তর/ সংস্থা/ প্রকল্পের কোন পদে বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা প্রেষণে নিয়োগসহ অন্যান্য মন্ত্রণালয়ে/বিভাগে প্রেষণে নিয়োগ শিক্ষা মন্ত্রণালয়ের ও ক্ষেত্র বিশেষে সংস্থাপন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনে থাকবে।

১৫.৮ ঢাকা মহানগর ব্যতীত অন্যান্য কলেজে প্রভাষক ও সহকারী অধ্যাপক পদে বদলী/পদায়ন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পন্ন হবে।

১৫.৯ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার একবছর পূর্বে কোন কর্মকর্তা/শিক্ষক তাঁর সুবিধামত স্থানে বদলীর জন্য আবেদন করলে পদ শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে উক্ত আবেদন বিবেচনা করা হবে। তবে শূন্য পদ না থাকলে কিছু করার থাকবে না। সেক্ষেত্রে কর্মরত স্থান থেকেই এল.পি.আর এ যেতে হবে।

১৫.৯ মন্ত্রণালয়/ মাউশি অধিদপ্তর কর্তৃক বদলী/ পদায়ন আদেশ জারীর অনুর্ধ ০৩ (তিন) দিনের মধ্যে ব্যানবেইসে তা প্রেরণ নিশ্চিত করা হবে। সংশিষ্ট সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার বদলী/ পদায়ন আদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ডাটাবেইসে তার এন্ট্রি নিশ্চিত করবে।

স্বাক্ষরিত/-
(কাজী রওশন আক্তার)
উপ-সচিব (কলেজ-১)
ফোন ঃ ৭১৬০৪৬৭

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা-প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং প্রকাশিত গেজেটের ১০০০(একহাজার) কপি শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

নং-শাঃ ৬/২এ-৫/২০০৭/১০৩৯(৭৮)-শিক্ষা, তারিখ ঃ ২২/০৭/১৪১৪ বঙ্গাব্দ / ০৬/১১/২০০৮ খ্রিষ্টাব্দ ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল ঃ

১) সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/ পরিবহন পুল ভবন, ঢাকা।

৩) যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কারিগরি/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/পরিবহন পুল ভবন, ঢাকা।

৪) যুগ্ম-প্রধান (পরিকল্পনা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে রিলিজ করার অনুরোধসহ)।

৬) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকা।

৭) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

৮) চেয়ারম্যান, বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

৯) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/কুমিল্লা/ রাজশাহী/ চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর।

১১) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/ এন.সি.টি.বি, ঢাকা।

১২) মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩) উপ-সচিব (প্রশাসন-১, ২/কারিগরি ও মাদ্‌রাসা/উন্নয়ন-১, ২/বিশ্ববিদ্যালয়/কলেজ/ মাধ্যমিক/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/ পরিবহন পুল ভবন, ঢাকা।

১৪) উপ-সচিব, অধিশাখা-৪/৬/৮/১১/১৪/১৬/১৭/১৮/২১/২৩, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/পরিবহন পুল ভবন, ঢাকা।

১৫) সচিব মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬) উপ-প্রধান (পরিকল্পনা-১/২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর/বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।

১৮) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (এনএসিটিআর) {সাবেক নট্রামস}, বগুড়া।

১৯) সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন(বি.এন.সি.ইউ), ঢাকা।

২০) আইন কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

২১) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব -১/২/৩/৫/৭/৯/১০/১২/১৩/১৫/১৯/২০/২২, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/পরিবহন পুল ভবন, ঢাকা।

২২) সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান-১/২/৩/৪/৫/৬, পরিকল্পনা কোষ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩) সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে রিলিজ করার অনুরোধসহ)।

২৪) হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫) গ্রন্থাগারিক, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬) গবেষণা কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

২৭) সহকারী প্রোগ্রামার-১/২, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬/১১/০৮

(কাজী রওশন আক্তার)
উপ-সচিব (কলেজ-১)